# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 25 June, 2025

‘প্রজাপতি’র বিশাল সাফল্যের পর আবারও পর্দায় ফিরছে সেই জাদু।আসছে ‘প্রজাপতি টু’। সুখবরটি মঙ্গলবার (২৪ জুন) দেব নিজেই জানিয়েছেন তার ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে দুটি ছবি পোস্ট করে।ছবিগুলিতে তাকে দেখা গেছে পরিচালক অভিজিৎ সেন এবং প্রযোজক অতনু রায়চৌধুরীর সঙ্গে।ক্যাপশনে শুধুই লেখা, "প্রজাপতি টু"—এই এক বাক্যে নেটিজেনদের মধ্যে উচ্ছ্বাস ছড়িয়ে পড়ে।

জানা গেছে, আগামী জুলাই মাস থেকেই শুরু হতে পারে ছবির শুটিং।

ফিরছে সেই ত্রয়ী:

‘টনিক’, ‘প্রজাপতি’র মতো একাধিক ব্লকবাস্টার ছবির সফল ট্রায়ো—অভিজিৎ, অতনু এবং দেব—আবারও একসঙ্গে পর্দায় নতুন কিছু আনতে চলেছেন।বড়দিনের সময় মুক্তি পাওয়া তাদের প্রতিটি ছবি বক্স অফিসে হিট, আর তাই এবারও বড়দিনের সিজনে ‘প্রজাপতি টু’ আসতে পারে বলে ধারণা করা হচ্ছে।

নায়িকা কে হচ্ছেন?

‘প্রজাপতি’তে দেবের বিপরীতে ছিলেন ছোটপর্দার শ্বেতা ভট্টাচার্য।এবারও কি দেব ছোটপর্দার অভিনেত্রীকেই বেছে নিচ্ছেন? এই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে দর্শকমনে।এর মধ্যেই গুঞ্জন উঠেছে, জ্যোতির্ময়ী কুণ্ডু হতে পারেন এই ছবির নায়িকা।

তবে এ বিষয়ে জ্যোতির্ময়ী নিজে বলেন,

“আমি এখনই কিছু বলতে পারব না।এখনই এই নিয়ে কথা বলা সম্ভব নয়।”

প্রত্যাশার পারদ চড়া:

দর্শকদের আশা, ‘প্রজাপতি টু’তেও দেখা যাবে পারিবারিক আবেগ, হাসি-কান্না আর দেবের অনবদ্য অভিনয়।

দেব প্রজাপতি টু অভিজিৎ সেন অতনু রায়চৌধুরী শ্বেতা ভট্টাচার্য

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:10

URL: https://www.timestodaybd.com/entertainment/3675728797